

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
প্রজ্ঞাপন

তারিখ : ২০ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/০৫ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৬.০০.৬৫০০.০৪২.২৭.০০২.১৭-১৯৫০—যেহেতু, জনাব মোঃ সোহরাব হোসেন বিশ্বাস, চেয়ারম্যান, জেলা পরিষদ, নড়াইল স্পেশাল জজ (জেলা জজ) আদালত, যশোর এর স্পেশাল মামলা নম্বর ১৪/০৯ (নড়াইল থানার মামলা নম্বর ৯, তাং ০৭-০৮-২০০৮, জিআর মামলা নং ২৭৮/২০০৮) এ দণ্ডবিধির ৪০৯/১০৯ ধারায় দোষী সাব্যস্ত হয়ে ৩(তিন) বৎসর সশ্রম কারাদণ্ডসহ অর্থ দণ্ড এবং ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারার অপরাধে দোষী সাব্যস্ত হয়ে ৪(চার) বৎসর সশ্রম কারাদণ্ডসহ অর্থ দণ্ডে দণ্ডিত হয়েছেন।

যেহেতু, জেলা পরিষদ আইন, ২০০০ এর ১০(১)(গ) ধারা অনুযায়ী ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হয়ে কারাদণ্ডে দণ্ডিত হওয়ায় তাকে অপসারণের কার্যক্রম আরম্ভ করা হয়েছে ;

যেহেতু, জনাব মোঃ সোহরাব হোসেন বিশ্বাস, চেয়ারম্যান, জেলা পরিষদ, নড়াইল এর বিরুদ্ধে জেলা পরিষদ আইন, ২০০০ এর ১০(১)(গ) ধারা অনুযায়ী অপসারণের কার্যক্রম আরম্ভ করায় তাঁর দ্বারা জেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে ;

সেহেতু, জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১৬ এর ১০ক ধারা অনুসারে নড়াইল জেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ সোহরাব হোসেন বিশ্বাসকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

আনজুমান আরা

উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

( ১০৮৭১ )

মূল্য : টাকা ৪.০০